

জেলা পরিষদ কার্যালয়  
নওগাঁ  
[zp.naogaon.gov.bd](http://zp.naogaon.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৬৪০০.০০১.৩৬.৩৭.২০২৩- ৫১৮


তারিখঃ ১৫/১১/২০২৩ খ্রিঃ।

**-:সতর্কিকরণ বিজ্ঞপ্তি:-**

নওগাঁ জেলা পরিষদ হতে প্রতি বৎসর এ জেলার বিভিন্ন সামাজিক, ধর্মীয় ও শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা হয়। এছাড়া এ অফিস হতে অসচ্ছল ব্যক্তি পর্যায়ে শিক্ষা, চিকিৎসা ইত্যাদি বিষয়ে আর্থিক অনুদান/সহায়তা প্রদান করা হয়ে থাকে। এসকল মানবিক সেবা ও প্রকল্পের বিনিময়ে জেলা পরিষদ কোন প্রকার অর্থ গ্রহণ করে না।

জেলা পরিষদের এসকল মানবিক সেবা ও প্রকল্পের বিনিময়ে কাহারো সাথে কোন প্রকার আর্থিক লেনদেন না করার জন্য সকলকে অনুরোধ করা হলো। এ বিষয়ে কেউ কোন প্রকার অর্থের দাবী করলে, দাবীকারীর বিরুদ্ধে লিখিত অভিযোগ এ অফিসে দাখিল করার জন্যও অনুরোধ করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

  
রাজিয়া সুলতানা  
প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, নওগাঁ  
ফোনঃ ০২৫৮৮৮১১৪৮৯  
ই-মেইলঃ [zpnaogaon@lgd.gov.bd](mailto:zpnaogaon@lgd.gov.bd)